

## পরীক্ষার মাধ্যমেই মেডিকেল কলেজে ভর্তি করা হবে হাইকোর্টকে জানিয়ে দিয়েছে সরকার

□ স্টাফ রিপোর্টার

ভর্তি পরীক্ষার মাধ্যমেই মেডিকেল ও ডেন্টাল কলেজে শিক্ষার্থী ভর্তি করা হবে বলে হাইকোর্টকে জানিয়েছে সরকার। ফলে ভর্তি পরীক্ষার বিষয়ে এখন আর কোন বাধা থাকবে না। দুই দিনের মধ্যেই মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক বন্দকর মো. সিকায়েতউল্লাহ। ভর্তি পদ্ধতির পরিবর্তন নিয়ে শিক্ষার্থীদের আন্দোলনের কারণে ভর্তি পরীক্ষা তিন সপ্তাহ পিছিয়ে গেলেও অক্টোবরের দ্বিতীয় বা তৃতীয় সপ্তাহে পরীক্ষা গ্রহণের বিষয়ে টাগেট নিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর বলে জানা গেছে। জানা যায়,

১২ কঃ

### ভর্তি পরীক্ষার মাধ্যমেই

এখন পূর্টার পর ভর্তি পদ্ধতি পরিবর্তনের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে ইউনুস আলী আকন্দ নামে এক আইনজীবীর করা রিট আবেদনের তদন্তে গতকাল রোববার বিচারপতি শেখ হাসান আরিফের বেঞ্চের সরকারের এই সিদ্ধান্তের কথা জানান তেপুটি এটর্নি জেনারেল মোতাহার হোসেন। গত ২৭ আগস্ট এই আইনজীবীর দায়ের করা রিট আবেদনে বিতর্ক আদেশ দেয় হাইকোর্টের একটি বেঞ্চ। তবে একই বিষয়ে দায়ের করা আরেকটি রিট আবেদনে একটি রুল জারি করেছিলো হাইকোর্টের একই বেঞ্চ। জিপিএ'র ভিত্তিতে ভর্তি কেন অবৈধ ঘোষণা করা হবে না, এ বিষয়ে জানতে চাওয়া হয় এই রুলে। বিতর্ক আদেশের প্রেক্ষিতে প্রধান বিচারপতি আবেদনটি নিষ্পত্তির জন্য বিচারপতি শেখ হাসান আরিফের বেঞ্চে পাঠান। গতকাল তৃতীয় বেঞ্চ এ বিষয়ে তদানি কর্ম হলে রট্রপেক্সের তেপুটি এটর্নি জেনারেল মোতাহার হোসেন আদালতকে বলেন, সরকার এ বছর ভর্তি পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে। তবে আগামী বছর থেকে জিপিএ'র ভিত্তিতে ভর্তি করা হবে। বাদী ইউনুস আলী আকন্দ গতকাল আদালতে হাজির না থাকায় আর আবার তদানি হবে। আদালত রট্রপেক্সের আইনজীবীকে বলেন, আপনারা যদি এ বছর ভর্তি পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নেন, তাহলেতো আদালতের রুল উল্লঙ্ঘন হয়ে যায়। সোমবার (আজ) এ সিদ্ধান্তি একিভেজিট করে আদালতে উপস্থাপন করবেন।

এনিকে মহাপালায় সূত্রে জানা যায়, ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কার্যক্রম হিসেবে ইতোমধ্যেই অধিদপ্তরের কর্মকর্তারা ভর্তি বিজ্ঞপ্তির খসড়া তৈরি করেছেন। বিজ্ঞপ্তির মাধ্যমে ভর্তি সংক্রান্ত বিভিন্ন তথ্য-উপাত্ত শিক্ষার্থীদের অবহিত করা হবে। বাংলাদেশের সবগুলো মেডিকেল ও ডেন্টাল কলেজ মিলিয়ে মোট ৮ হাজার ৪৯৩টি আসন রয়েছে। বর্তমানে সরকারি ২২টি মেডিকেল কলেজ, একটি ডেন্টাল কলেজ ও ৯টি ডেন্টাল ইউনিটে মোট আসন ৩ হাজার ৩৮৯। এর মধ্যে মেডিকেল কলেজে ২ হাজার ৮১১ ও ডেন্টালে ৫৭৮টি আসন রয়েছে। অপরদিকে ৫২টি বেসরকারি মেডিকেল কলেজে ৪ হাজার ২৭৫ ও ডেন্টালে ৫৭৮টি আসন রয়েছে। গত বছর মেডিকেল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষার ৫০ হাজারেরও বেশি শিক্ষার্থী অংশগ্রহণ করে। উল্লেখ্য, গত ১২ আগস্ট বাহ্যমন্ত্রী আফম রুফুল হক ঘোষণা করেন এ বছর থেকে মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষা নেয়া হবে না। এসএসসি ও এইচএসসি পরীক্ষার প্রায় জিপিএ'র ভিত্তিতেই শিক্ষার্থী ভর্তি করা হবে। এর পর থেকে পরীক্ষার দাবিতে শিক্ষার্থীরা আন্দোলন করে আসছে। পরে ২ সেপ্টেম্বর শিক্ষার্থীদের আন্দোলনের মুখে বাহ্যমন্ত্রী ভর্তি পরীক্ষার বিষয়টি মেনে নেন।